মশা মারতেও প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ লাগে : মান্না

নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্না বলেছেন, দেশে ডেঙ্গু পরিস্থিতি ‘মহামারী’ আকার ধারণ করেছে। এ পরিস্থিতিতেও মশা মারতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ লাগে, এটি খুবই হাস্যকর।

শুক্রবার জাতীয় প্রেসক্লাবে নাগরিক ঐক্য আয়োজিত সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি।
এসময় তিনি বলেন, মশা মারার কার্যকর নতুন ওষুধ কেনার জন্য বরাবরের মতো প্রধানমন্ত্রীর নির্দেশ দিতে হয়েছে। মহামারীর মধ্যেও প্রধানমন্ত্রীর নির্দেশ পাওয়ার অপক্ষায় থাকতে হলে মন্ত্রী-মেয়রের কাজ কী। দায়িত্বশীলতার চূড়ান্ত অভাবের কারণেই দেশের এই চিত্র ধারণ করেছে।

মান্না বলেন, এখনো ডেঙ্গু মৌসুমের তিন মাস বাকি রয়েছে, সেপ্টেম্বরে পরিস্থিতি আরও খারাপ হতে পারে। সরকারের জবাবদিহিতা ও মানুষের প্রতি দায়বদ্ধতা থাকলে সেটার ফল কী হতে পারে তা পশ্চিমবঙ্গ দেখিয়েছে। আর মানুষের প্রতি ন্যূনতম দায়বদ্ধতাও না থাকলে কী হয় তার প্রমাণ বাংলাদেশ।

স্বাস্থ্যমন্ত্রী ও ঢাকার দুই মেয়রের সমালোচনা করে তিনি বলেন, ডেঙ্গু পরিস্থিতি যখন চরমে, তখন ঢাকার দুই মেয়র ও স্বাস্থ্যমন্ত্রী কী করছেন তা সবাই দেখছে। তারাসহ দায়িত্বশীলরা মশা মারার ওষুধ আনতে না পারলেও কিন্তু মশা মারার নাটক ঠিকই করে যাচ্ছেন।

প্রেসক্লাবে নাগরিক ঐক্য আয়োজিত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন দলটির উপদেষ্টা এস এম আকরাম এবং প্রেসিডিয়াম সদস্য মমিনুল ইসলামসহ কেন্দ্রীয় নেতারা।